# পাঠ্যক্রম
# বাংলা সাম্মানিক/ স্নাতকোত্তর [CODE- 04]

## ১) পাঠ্যপুস্তক (TEXT) নির্ভর প্রশ্ন:

পশ্চিমবঙ্গ মাধ্যমিক শিক্ষাপর্ষদ প্রকাশিত বাংলা প্রথম ভাষার সাহিত্য সংকলন 'সাহিত্য সঞ্চয়ন', বাংলা দ্বিতীয় ভাষার সাহিত্য সংকলন 'সাহিত্য সম্ভার' (২০১৫ শিক্ষাবর্ষ থেকে নবম শ্রেণীর জন্য পাঠ্য এই দুটি গ্রন্থ); পশ্চিমবঙ্গ মাধ্যমিক শিক্ষাপর্ষদ প্রকাশিত 'পাঠসংকলন' (সর্বশেষ সংস্করণের দশম শ্রেণীর জন্য নির্ধারিত পাঠ্যসূচী- বাংলা প্রথম ভাষার মূলপাঠ ও সহায়ক পাঠ); উচ্চমাধ্যমিক শিক্ষাসংসদ প্রকাশিত বাংলা 'ক' ভাষার একাদশ ও দ্বাদশ শ্রেণীর জন্য নির্ধারিত পাঠ্যসূচী- (গল্প, প্রবন্ধ, কবিতা, নাটক) অবলম্বনে রচিত হবে।

**ক।** প্রশ্নের বিষয়:

রচয়িতার পরিচয়, রচনার বিষয়বস্তু, রসবৈশিষ্ট্য নির্দেশ, চরিত্রবৈশিষ্ট্য নির্ধারণ।

**খ।** উদ্ধৃত পাঠ্যসূচীর ভিত্তিতে ভাষাগত প্রশ্ন

## ২) সাহিত্যের ইতিহাস:

**ক।** প্রাচীন ও মধ্যযুগ (১০ম- ১৮শ শতক)

[প্রাচীন ও মধ্যযুগের প্রধান প্রধান ঐতিহাসিক ঘটনা এবং ঐ পর্বের সাহিত্যবিকাশে ঐসব ঘটনার প্রভাব।]

[বিভিন্ন কাব্যধারার প্রকাশকাল, প্রধান কবিদের পরিচয়, তাঁদের কাব্যের বিষয়বস্তু ও বৈশিষ্ট্য এবং ঐতিহাসিক গুরুত্ব।]

[বিষয়- চর্যাপদ, শ্রীকৃষ্ণকীর্তন, মঙ্গলকাব্য, অনুবাদ কাব্য, বৈষ্ণব পদাবলী, চৈতন্যজীবনী কাব্য, আরাকান রাজসভার কবিদের কাব্য, শাক্ত পদাবলী, ময়মনসিংহ গীতিকা, বাউল গান।]

**খ।** আধুনিক যুগ (১৯শ- ২০শ শতক)

[এই পর্বের প্রধান প্রধান ঐতিহাসিক ঘটনা এবং এই পর্বের সাহিত্যবিকাশে তার প্রভাব।]

[রচয়িতাদের ব্যক্তিজীবন-বিশিষ্টতা, রচনা ও গ্রন্থনাম, প্রথম প্রকাশকাল, বিষয়বস্তু আখ্যাননির্ভর রচনারক্ষেত্রে চরিত্রবৈশিষ্ট্য, সাময়িকপত্রের ক্ষেত্রে- প্রথম প্রকাশকাল, সম্পাদকের নাম, ঐতিহাসিক গুরুত্ব।]

[বিষয়- গদ্য, প্রবন্ধ, সাময়িক পত্র ('দিগদর্শন' থেকে 'কল্লোল' পর্যন্ত), কথাসাহিত্য, নাট্যসাহিত্য, কাব্যসাহিত্য।]

## ৩) সাহিত্যের রূপ-রীতি (Genre):

কাব্য- মহাকাব্য, গীতিকবিতা, সনেট

নাটক- ট্র্যাজেডি, কমেডি, প্রহসন, একাঙ্ক, পৌরাণিক, ঐতিহাসিক, সামাজিক, রূপক- সাঙ্কেতিক
উপন্যাস- সামাজিক, আঞ্চলিক, ঐতিহাসিক, রাজনৈতিক, মনস্তাত্ত্বিক
ছোটগল্প- রূপবৈচিত্র্য
প্রবন্ধ- বস্তুগত, ব্যক্তিগত

## ৪) ব্যাকরণ:

**ক।** ভাষা-উপভাষা-সমাজভাষার সম্পর্ক, বাংলা কথ্য উপভাষা, বাংলা লেখ্য উপভাষা: পদ্য ও গদ্য (সাধু ও চলিত) বৈশিষ্ট্য, পার্থক্য, রূপান্তর।

**খ।** ধ্বনিতত্ত্ব: বাগযন্ত্র, ধ্বনি, স্বর ও ব্যঞ্জনধ্বনির পরিচয় ও শ্রেণীবিভাগ, যুগ্ম ও যুক্ত ব্যঞ্জনধ্বনি, ধ্বনি পরিবর্তনের কারণ ও নিয়ম।
সন্ধি ও সন্ধি-বিচ্ছেদ (পাঠ্যপুস্তক নির্ভর)

**গ।** রূপতত্ত্ব: কারক বিভক্তি ও অনুসর্গ
ব্যাসবাক্যসহ সমাস নির্ণয়
প্রকৃতি প্রত্যয় নির্ণয়
ধাতু ও ক্রিয়াপদের বৈচিত্র্য

**ঘ।** বাক্যতত্ত্ব: বাংলা বাক্যের পদক্রম, পদগুলির বিস্তারিত আলোচনা, বাক্যবিশ্লেষণ, গঠন ও অর্থ অনুসারে বাক্যের রূপান্তর, বাচ্য- বাচ্যান্তর, একই বিশেষ্য ও ক্রিয়াপদকে বিভিন্ন অর্থে ব্যবহার করে ভিন্ন ভিন্ন বাক্য গঠন, বাংলা বাগধারা অবলম্বনে বাক্যগঠন।

**ঙ।** শব্দভান্ডার: উৎপত্তি অনুসারে প্রদত্ত শব্দের বর্গ নির্ণয় (তৎসম, অর্ধতৎসম, তদ্ভব, আগন্তুক, দেশী, সংকর) ।

**চ।** শব্দার্থতত্ত্ব: অর্থ পরিবর্তনের প্রধান প্রধান কারণ।
অর্থ পরিবর্তনের বিভিন্ন ধারা- অর্থবিস্তার, অর্থসংকোচ, অর্থসংক্রম বা অর্থসংশ্লেষ।

**ছ।** শৈলীবিজ্ঞান

## ৫) বাংলা শিল্প:

সাহিত্য ও সংস্কৃতির ইতিহাস- (দ্বাদশ শ্রেণীর পাঠক্রমে নির্ধারিত অংশ)